NEW YORK STATE | Department of Health

COVID-19 গণস্বাস্থ্য জরুরি পরিস্থিতিতে স্কি সুবিধার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

আপনার এই নথিটি পড়া হয়ে গেলে আপনি নিচে তা নিশ্চিত করতে পারবেন।

19 অক্টোবর 2020 পর্যন্ত

উদ্দেশ্য

COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থা চলাকালীন স্কি সুবিধার মালিক/অপারেটর এবং তাদের কর্মচারী, ঠিকাদার এবং বিক্রেতা এবং পৃষ্ঠপোষকদের COVID-19 এর প্রাদুর্ভাব থেকে সাবধানতা সংক্রান্ত বিধি-নিষেধ প্রদান করার জন্য এই অন্তর্বর্তী নির্দেশিকা ("স্কি সুবিধার জন্য COVID-19 এর অন্তর্বর্তীকালীন নির্দেশিকা") তৈরি হয়েছে।

এই নির্দেশিকাগুলি (1) ডাউনহিল, ক্রস কান্ট্রি, অথবা সংশ্লিষ্ট স্কিইং এলাকা বা কার্যকলাপ, (2) অপারেটিং সরঞ্জাম, যেমন- স্কি লিফট এবং টো, এবং/অথবা (3) খাদ্য ও পানীয় সেবা, সরঞ্জাম ভাড়া পরিষেবা এবং স্কি নির্দেশনা সেবা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য। এই নির্দেশিকার বিধানগুলি মেনে চলা নিশ্চিত করতে স্কি রিসোর্টগুলোতে অবশ্যই কর্মী থাকতে হবে।

স্কি সুবিধা এবং তাদের কার্যক্রম/কার্যকলাপের জন্য এই নির্দেশিকা ছাড়াও, দায়বদ্ধ পক্ষকে - নিম্নে সংজ্ঞায়িত অনুযায়ী- অবশ্যই *নিউ ইয়র্ক ফরওয়ার্ড* পুনরায় খোলার মাধ্যমে নির্দিষ্ট অপারেশন/কার্যকলাপের জন্য প্রদত্ত নির্দেশিকা উল্লেখ এবং অনুসরণ করতে হবে। যে কোন স্কি সুবিধায় অবস্থিত লজ, রেস্টুরেন্টে এবং বারকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (Department of Health, DOH) এর "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় খাদ্য সেবার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Food Services During the COVID-19 Public Health Emergency) নির্দেশিকা অনুসরণ করতে হবে। স্কি সুবিধার সাথে সংশ্লিষ্ট খুচরা দোকানগুলোকে অবশ্যই স্বাস্থ্য অধিদপ্তরের (Department of Helath, DOH) বর্ণিত খুচরা বিক্রয় নির্দেশিকা অনুসরণ করতে হবে "COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থা চলাকালীন অপরিহার্য এবং দ্বিতীয় পর্যায়ের খুচরা ব্যবসায়িক কার্যক্রমের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Essential and Phase II Retail Business Activities during the COVID-19 Public Health Emergency)। অফিস ভিত্তিক কার্যকলাপগুলিকে অবশ্যই "COVID-19 গণস্বাস্থ্য জরুরি পরিস্থিতিতে অফিস-ভিত্তিক কাজের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Office-Based Work during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। স্কি সুবিধাকে অবশ্যই স্বাস্থ্য অধিদপ্তরের DOH বর্ণিত নির্দেশিকা অনুসরণ করতে হবে "COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থা চলাকালীন খুচরা বিক্রয়, ভাড়া এবং পরিষ্কার কার্যক্রমের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Retail Rental, Repair, and Cleaning Activities During the COVID-19 Public Health Emergency)। যাতায়াত ভিত্তিক কার্যকলাপগুলিকে অবশ্যই "COVID-19 গণস্বাস্থ্য জরুরি পরিস্থিতিতে গণপরিবহন সংক্রান্ত কার্যকলাপগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Public Transportation Activities During the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। পেশাদারী ক্রীড়া প্রশিক্ষণ সুবিধাগুলিকে অবশ্যই DOH এর "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় পেশাদারী ক্রীড়া প্রশিক্ষণ সুবিধার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Professional Sports Training Facilities During the COVID-19 Public Health Emergency) অনুসরণ করতে হবে; একইভাবে, পেশাদার ক্রীড়া প্রতিযোগিতাকেও DOH এর "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় ভক্ত বা দর্শকবিহীন পেশাদারী ক্রীড়া প্রতিযোগিতার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Professional Sports Competition with No Fans or Spectators During the COVID-19 Public Health Emergency) অনুসরণ করতে হবে। অ-পেশাদারী ক্রীড়া এবং বিনোদনমূলক কার্যক্রমের ক্ষেত্রে DOH এর "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার

সময় ক্রীড়া ও বিনোদনের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Sports and Recreation During the COVID-19 Public Health Emergency) এবং স্কিইং কে এই নির্দেশিকার উদ্দেশ্যে কম ঝুঁকিপূর্ণ কার্যকলাপ হিসেবে বিবেচনা করা উচিত। নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক হলে, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম আবশ্যিকতা এবং স্কি সুবিধার মালিক/অপারেটর অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকাগুলি প্রকাশনার সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অভ্যাসের উপর ভিত্তি করা, এবং যে নথির উপর নির্ভর করে এই নির্দেশিকা তৈরি হয়েছে তা প্রায়শই পরিবর্তিত হতে পারে এবং পরিবর্তিত হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণ – নিচে যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে – স্কি দুবিধা সম্পর্কিত সকল স্থানীয়, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আবশ্যিকতা মেনে চলার জন্য দায়বদ্ধ। দায়বদ্ধ পক্ষগুলি এই আবশ্যিক শর্তের যেকোনো আপডেট সম্বন্ধে হালনাগাদ থাকার পাশাপাশি যেকোনো স্কি সুবিধা কার্যকলাপ এবং/অথবা সাইট নিরাপত্তার পরিকল্পনায় তা বাস্তবায়ন করতে বাধিত।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের দপ্তর মধ্যস্থ কর্মীদের কাজকর্মকে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যক ব্যবসা, যেমন এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) এর নির্দেশিকা দ্বারা সংজ্ঞায়িত, এই সশরীরে উপস্থিতি সংক্রান্ত সীমাবদ্ধতার অধীন ছিল না, কিন্তু, তাদের DOHদ্বারা জারি করা একটি পরিষ্কার এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলার জন্য নির্দেশ করা হয়, এবং দৃঢ়ভাবে যতটা সামাজিক দূরত্ব ব্যবস্থা বজায় রাখার জন্য আহ্বান জানানো হয়।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমসস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছে, বিনামূল্যে তাদের মুখের আচ্ছাদন, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, তা প্রদান করতে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দুরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। 29 মে 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.34 জারি করেন, যা ব্যবসার পরিচালক/মালিকদের সেই সব মানুষের প্রবেশাধিকার প্রত্যাহার করার অধিকার অনুমোদন করে, যারা মুখ ঢেকে রাখার বা মাস্ক সংক্রান্ত বাধ্যবাধকতা মেনে চলতে ব্যর্থ হন।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনসাস্থ পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স

এবং সূচকের উপর ভিত্তি করে। 29 শে মে, 2020 তারিখে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে স্টেটের বিভিন্ন অঞ্চলে রিওপেনিংয়ের দ্বিতীয় পর্যায় শুরু হবে, এবং ভাইরাসটি কিভাবে প্রতিরোধ করা যেতে পারে তা অনবরত পর্যবেক্ষণ করার জন্য নিউ ইয়র্কবাসী, সরকারী কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করতে একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন ব্যবহার করার কথাও ঘোষণা করেছেন। 11 জুন 2020, গভর্নর কুওমো ঘোষণা করেন যে 12 জুন 2020 তারিখে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে পুনরায় খোলার তৃতীয় পর্যায় আরম্ভ হবে। 24 জুন, 2020 তারিখে গভর্নর কুয়োমো ঘোষণা করেন যে স্টেটের বেশ কয়েকটি অঞ্চল 26 জুন, 2020 থেকে পুনরায় খোলার চতুর্থ পর্যায়ে প্রবেশ করতে যাচ্ছে। জুলাই 20, 2020 নাগাদ, নিউ ইয়র্ক সিটি সহ নিউ ইয়র্কের সব অঞ্চল, স্টেটের পুনরায় খোলার চতুর্থ পর্যায়ে পৌঁছেছে।

6 অক্টোবর, 2020 তারিখে গভর্নর কুওমো নিউ ইয়র্কের কিছু এলাকায় চিহ্নিত COVID-19 হটস্পট মোকাবেলার জন্য একটি নতুন ক্লাস্টার পদক্ষেপ ঘোষণা করেন। শীর্ষ জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সাথে কাজ করে, স্টেট এই ক্লাস্টারগুলিকে আক্রমণ এবং ভাইরাসের আর কোন বিস্তার বন্ধ করার জন্য একটি বিজ্ঞান ভিত্তিক পদ্ধতি উদ্ভাবন করেছে, যার মধ্যে রয়েছে নতুন নিয়ম এবং বিধিনিষেধ যা সরাসরি উচ্চ সংখ্যক COVID কেস সংক্রমিত এলাকা এবং পার্শ্ববর্তী এলাকার জন্য প্রযোজ্য হবে। নির্বাহী আদেশ 202.68 এর অধীনে ক্লাস্টার জোনে কিছু কার্যক্রম নিষিদ্ধ, এবং এই ধরনের অঞ্চলে (রেড, ইয়েলো এবং অরেঞ্জ) যে কোন অনুমোদিত কার্যক্রম অবশ্যই DOH এর নির্দেশিকা মেনে চলতে হবে। এই ক্লাস্টারগুলির অবস্থান এবং পরিচালনা বিধিনিষেধ সম্পর্কে আপডেট তথ্যের জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট গাইডেন্স *এবং নিউ ইয়র্ক ফরওয়ার্ড* ওয়েবসাইট দেখুন।

নিম্নলিখিত মানগুলি ছাড়াও, ব্যবসাগুলিকে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার নির্দেশনা ও আদেশ মেনে চলা অব্যাহত রাখতে হবে।

নিউ ইয়র্ক স্টেটে স্কি রিসোর্টসমূহের জন্য দায়িত্বশীল অপারেশনের মান

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম রাজ্যের মান, এবং প্রযোজ্য ফেডারেল শর্তাবলী, তবে তার মধ্যেই সীমাবদ্ধ নয়, এগুলি না পূরণ করে কোনো জিম এবং স্কি সুবিধা পরিচালিত হতে পারবে না।

এই নির্দেশিকার মধ্যে থাকা স্টেটের মানদণ্ডগুলি COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে কার্যরত সমস্ত স্কি সুবিধার ক্ষেত্রে প্রযোজ্য যতক্ষণ পর্যন্ত না স্টেট কর্তৃক মুলতুবি বা সংশোধন করা হয়। স্কি সুবিধা ব্যবসার অপারেটর, অথবা অপারেটর কর্তৃক নির্দিষ্ট করা অন্য কোনও পক্ষ (উভয়ক্ষেত্রে, "দায়বদ্ধ পক্ষগুলি"), এই মানদণ্ডগুলি পূরণের জন্য দায়বদ্ধ থাকবেন।

নিম্নলিখিত নির্দেশিকা তিনটি পৃথক শ্রেণি ঘিরে সংগঠিত হয়: মানুষ, স্থান, এবং প্রক্রিয়া।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষকে একই দল/ পরিবার/পরিবারের সদস্য ব্যতীত কর্মচারি এবং পৃষ্ঠপোষকসহ আগত ব্যক্তিদের মধ্যে কমপক্ষে ছয় ফুট দূরত্ব বজায় রাখা নিশ্চিত করার জন্য মোট স্কি ফ্যাসিলিটির ধারনক্ষমতা সীমিত করা নিশ্চিত করতে হবে। সব ক্ষেত্রে, কর্মী এবং পৃষ্ঠপোষকদের শুধুমাত্র স্কি সুবিধা এবং সম্পত্তিতে প্রবেশের অনুমতি দিতে হবে যদি তারা:

- সব সময় একটি গ্রহণযোগ্য মুখ আবরণ পরে, যদি না তারা খাওয়া, পান করা (উদাহরণস্বরূপ, একটি নির্দিষ্ট এলাকায় বসে যেমন লজ রেস্টুরেন্ট অথবা ক্যাফে), অথবা সক্রিয়ভাবে স্কিইং-এ নিয়োজিত থাকেন, যদি ব্যক্তির বয়স 2 বছরের বেশি হয় এবং চিকিৎসাগতভাবে এই ধরনের আবরণ সহ্য করতে সক্ষম হন।
- সুবিধাটি তে প্রবেশ করার পর সাইন-ইন (অথবা রিমোট চেক-ইন এর মাধ্যমে), করে যোগাযোগ ট্রেসিং প্রচেষ্টায় ব্যবহারের জন্য তাদের সম্পূর্ণ নাম, ঠিকানা এবং ফোন নম্বর প্রদান করে; এবং
  - সাইন-ইন প্রক্রিয়াটি যেকোন উপায়ে পরিচালিত হতে পারে যা দায়বদ্ধ পক্ষ উপরোক্ত যোগাযোগ তথ্য সংগ্রহ করতে প্রতিষ্ঠা করে, জার মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয় একটি ডিজিটাল অ্যাপ্লিকেশন, বারকোড রিডার, সোয়াইপ কার্ড রিডার, এবং/অথবা কাগজ ফর্ম।
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই 28 দিন ধরে উল্লিখিত সাইন-ইন তথ্যের রেকর্ড বজায় রাখতে হবে এবং অনুরোধ করা হলে স্টেট ও স্থানীয় স্বাস্থ্য বিভাগের কাছে এই ধরনের তথ্য উপলভ্য করতে হবে।
- যদি ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হয় (উদাহরণস্বরূপ কর্মচারি, পৃষ্ঠপোষকদের নির্দেশনা গ্রহণ), তাহলে একটি দৈনিক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা এবং পাস করা, যেমনটা নিচে বর্ণনা করা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই মৌসুমী অবকাশকালীন দিনগুলোতে বাইরের এলাকার জন্য একটি অঞ্চল-নির্দিষ্ট ধারণ ক্ষমতার সীমা নির্ধারণ করুন যাতে যেকোনো সময়ে এলাকায় পৃষ্ঠপোষকদের সংখ্যা কর্মীদের নিয়ন্ত্রণ করার ক্ষমতাকে বিপন্ন না করে এবং পৃষ্ঠপোষকদের এই নির্দেশিকা মেনে চলার সক্ষমতাকে ব্যাহত না করে। বিশেষ করে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই তাদের পূর্ববর্তী মৌসুমের ব্যস্ততম দিনগুলোকে চিহ্নিত করতে হবে, যেমন- তাদের স্থান ভ্রমণকারী পৃষ্টপোষকদের সংখ্যা অনুযায়ী সংজ্ঞায়িত হয়েছে এবং সেই দিনগুলোতে যেকোনো সময়ে জনসমাগমের ঘনত্ব এবং সম্ভাবনা কমানোর জন্য কার্যকরী পরিবর্তন গ্রহণ করতে হবে। পিক ডে-তে ক্ষমতা হ্রাস বাস্তবায়নের জন্য, দায়বদ্ধ পক্ষগুলোর নিম্নলিখিত কার্যকরী পরিবর্তনগুলি বিবেচনা করা উচিত:
  - উচ্চ চাহিদাসম্পন্ন দিনের জন্য স্বাভাবিক/গড় বিক্রয়ের 75% এর বেশি দৈনিক টিকেট/ডে পাস বিক্রয় সীমাবদ্ধ করা;
  - শুধুমাত্র সদস্য/সিজন পাসগুলিকে ফ্যাসিলিটি এবং এলাকা ব্যবহারের অনুমতি দেওয়া;
  - সমাবেশ বা ভিড় প্রতিরোধের জন্য জনসমাগম এলাকায় পর্যাপ্ত কর্মী নিয়োজিত থাকা নিশ্চিত করা;
  - সময় বাড়িয়ে দিয়ে পৃষ্টপোষকদের বেশি উপস্থিতির সুযোগ করে দিতে পরিচালনাগত সময় প্রসারিত করা; এবং/অথবা
  - ধারণ ক্ষমতা হ্রাসের অন্যান্য ব্যবস্থা বাস্তবায়ন করা (উদাহরণস্বরূপ, পার্কিং স্পট/এলাকার 25% বন্ধ করা)।

- দায়বদ্ধ পক্ষগুলোকে নিশ্চিত করতে হবে যে কোন ইনডোর লজ স্পেসের মধ্যে ক্ষমতা নির্দিষ্ট স্থান বা এলাকার জন্য সর্বোচ্চ 50% এর কমে সীমাবদ্ধ থাকবে, বিশেষ করে কর্মচারীদের ব্যতিরেকে; যদি তারা একটি গ্রহণযোগ্য মুখ আবরণ পরে, যদি ব্যক্তি দুই বছরের বেশী বয়সী হয় এবং চিকিৎসাগতভাবে এই ধরনের আবরণ সহ্য করতে সক্ষম হয় তবেই সকল ব্যক্তিকে লজে প্রবেশের অনুমতি দিতে হবে।
  - যতদূর সম্ভব দায়বদ্ধ পক্ষকে অবশ্যই যথেষ্ট ইনডোর ধারণক্ষমতা নিশ্চিত করতে হবে যাতে যারা বাইরের স্কি এলাকা, বিশ্রামাগার(গুলি) বা পেমেন্ট লোকেশন বা জরুরি ক্ষেত্রে প্রবেশ করতে বা বের হতে ইনডোর এলাকা ব্যবহার করবে তারা যাতে সামাজিক দূরত্ব বজায় রেখে এই ধরনের প্রবেশ এবং বহির্গমন সম্পন্ন করতে পারে।
  - দায়বদ্ধ পক্ষগুলোর উচিত পৃষ্ঠপোষকদের লজের সময় সীমিত সংক্ষিপ্ত বিরতিতে (উদাহরণস্বরূপ, 15-30 মিনিট) করার জন্য উৎসাহিত করা যাতে যথাযথ সামাজিক দূরত্বে পালন করা যায়।
  - দায়বদ্ধ পক্ষের উচিৎ যথাযথ সামাজিক দূরত্ব সহজ করতে বিদ্যমান লজের স্থান (উদাহরণস্বরূপ, অস্থায়ী কাঠামো, তাপ সম্বলিত বারান্দা ইত্যাদি) বৃদ্ধির বিকল্প পদ্ধতি বিবেচনা করা।

- দায়বদ্ধ পক্ষের নিশ্চিত করা উচিত যে কর্মী এবং পৃষ্ঠপোষক সহকারে ব্যক্তিদের মধ্যে সব সময় অন্তত ছয় ফুট দূরত্ব বজায় থাকে, যদি না মূল কার্যকলাপের কারণে স্বল্প দূরত্বের প্রয়োজন হয় (যেমন স্কি চলাচলের যন্ত্রপাতি, এলিভেটর ব্যবহার, কোন চিকিৎসাগত জরুরি পরিস্থিতিতে সেবা করা, একজন পরে যাওয়া স্কিয়ারকে সহায়তা করা), এর মধ্যে একই পরিবার/পার্টির সদস্যরা অন্তর্ভুক্ত নয়।
    - দায়বদ্ধ পক্ষগুলোকে নিশ্চিত করতে হবে যে একই তাৎক্ষণিক পার্টি/পরিবার/পরিবার থেকে না আসা ব্যক্তিরা স্কি লিফটের অপেক্ষা করার সময় এবং স্কি লিফটে থাকাকালীন অন্তত ছয় ফুট দূরত্ব বজায় রাখতে পারে, (উদাহরণস্বরূপ, একটি লিফটে একটি স্কি বা দুটি আসনের সাধারণ দৈর্ঘ্য); বিশেষ করে, নিম্নলিখিতগুলি যথাযথ বসার ব্যবস্থা:
        - এক বা দুই ব্যক্তির লিফটে একজন
        - একটি তিনজন ব্যক্তির লিফটের উপর একজন যদি না লিফটে যথাযথ সামাজিক দূরত্ব মেনে বসা যায়
        - একটি চার ব্যক্তির লিফটে বিপরীত প্রান্তে দুই জন (অর্থাৎ, একদম বামে এবং একদম ডানে)
        - একটি ছয় ব্যক্তির লিফটের বিপরীত প্রান্তে (অর্থাৎ, একদম বাম এবং একদম ডানে) দুটি একক বা ডাবলস (অর্থাৎ, একই দল/পরিবার/পরিবার থেকে দুইজন ব্যক্তি)
    - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে লিফট অ্যাটেনডেন্টরা গন্ডোলা/লিফটের জন্য বসার ব্যবস্থায় সাহায্য করতে পারেন, বিশেষ করে যারা চার বা ততোধিক লোকের থাকার ব্যবস্থা করে থাকেন।
    - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে যে গন্ডোলা একই দল/পরিবার/পরিবারের সদস্যদের জন্য সংরক্ষিত; যদি যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখা যায় তাহলে বিভিন্ন দল/পরিবার/ পরিবার থেকে দুটি একক বা ডাবল ছাড়া একটি গন্ডোলার বিপরীত প্রান্তে বসতে পারে।
        - যতদূর সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলোর উচিত সব গন্ডোলা জানালা খোলা রাখা যাতে বাতাসের প্রবাহ বৃদ্ধি পায়।
- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে পৃষ্ঠপোষক/দর্শনার্থীরা আগাম টিকেট কিনতে পারবেন, যাতে তারা ক্ষমতার সীমা পরিচালনা করতে পারে এবং ট্র্যাক করতে পারে। দায়বদ্ধ পক্ষকে অবশ্যই এই ফ্যাসিলিটির জন্য বাস্তবায়িত টিকেট প্রক্রিয়ার মাধ্যমে পৃষ্ঠপোষকদের অগ্রিম টিকেট কিনতে উৎসাহিত করুন (উদাহরণস্বরূপ, অনলাইন পোর্টাল, মোবাইল অ্যাপ্লিকেশন, পূর্ববর্তী কল, মেইল অর্ডার, বা পূর্ব-নির্ধারিত সময়ে সরাসরি সংগ্রহ)। যখন পাওয়া যাবে, দায়বদ্ধ পক্ষের উচিৎ নগদ, ক্রেডিট কার্ড, লিফট টিকেট, রিওয়ার্ড কার্ড এবং মোবাইল ডিভাইস, যেখানে সম্ভব, তখন স্পর্শহীন পেমেন্ট অপশন ব্যবহারে উৎসাহিত করা।
    - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই টিকেট পিক-আপ এবং অন্যান্য সুবিধার ওয়েটিং লাইনে ছয় ফুট বা তার বেশি দূরত্ব চিহ্নিত করতে ভিজুয়াল কিউ (উদাহরণস্বরূপ, কোন, মার্কার, সাইনবোর্ড) রাখতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগুলোর উচিত পুরো মৌসুম জুড়ে দৈনিক ভিত্তিতে ক্ষমতা ট্র্যাক করা, প্রয়োজন অনুসারে টিকেট বিক্রি রহিত করা যাতে ধারণ ক্ষমতার সীমা অনুসরণ করা হয়।
    - দায়বদ্ধ পক্ষগুলোর উচিত আগাম কেনা টিকেট মেইল করা এবং টিকেট বিক্রির সময় ভিড় এড়াতে পুনরায় লোডযোগ্য /পুনর্ব্যবহারযোগ্য টিকেট ব্যবহার করা।
- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই DOH এর "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় গণপরিবহন সংক্রান্ত কার্যকলাপগুলির জন্য অভ্যন্তরীণ নির্দেশিকা" (Interim Guidance for Public Transportation Activities During the COVID-19 Public Health Emergency) নির্দেশিকা মেনে চলতে হবে, যার প্রয়োজনঅনুযায়ী সকল

আরোহীকে শাটলে সব সময় গ্রহণযোগ্য মুখাবরণ পরতে হবে (যেমনঃ ঢোকা, বের হওয়া, বসে থাকা) এবং সব ব্যক্তিকে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে যদি না তারা একই পার্টি/পরিবার/বাড়ির সদস্য হন। দায়বদ্ধ পক্ষকে অবশ্যই স্কি শাটলের জন্য প্রোটোকল এবং পদ্ধতি বাস্তবায়ন করতে হবে যা প্রতিফলিত করে কীভাবে তারা পৃষ্ঠপোষক এবং কর্মীদের সুরক্ষিত রাখার জন্য অভিযোজিত হবে (উদাহরণস্বরূপ, একই দল/পরিবার/পরিবারের সদস্যরা কীভাবে একসাথে বসবেন, শাটলে সামাজিক দূরত্ব কীভাবে ঘটবে এবং শাটল শিডিউল অভিযোজিত হবে কি না)।

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত স্কি শাটলে সামাজিক দূরত্ব বজায় রাখতে উৎসাহিত করা, টেপ, চিহ্ন বা অন্যান্য মার্কার ব্যবহার করে সামাজিক দূরত্ব বজায় রাখা।
- দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে পৃষ্ঠপোষকরা ড্রাইভারের ছয় ফুটের মধ্যে বসতে না পারে (উদাহরণস্বরূপ, সামনের সারি বা আসন খালি রাখা), যদি না ড্রাইভার এলাকায় একটি শারীরিক প্রতিবন্ধকতা যা পৃষ্ঠপোষক এবং ড্রাইভারের মধ্যে বিচ্ছেদের অনুমতি দেয়; যদিও না, এই ধরনের প্রতিবন্ধকতা গাড়ি চালানোর সময় দৃষ্টি ক্ষমতা বাধাগ্রস্ত করে বা অন্যথায় একটি নিরাপত্তা ঝুঁকি উপস্থাপন করে।
- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত শাটল উইন্ডো যতটা সম্ভব খোলা রাখা।
- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত বোর্ডিং, লোডিং এবং আনলোডিং নিয়মানুযায়ী সম্পন্ন হওয়া নিশ্চিত করা যাতে বিভিন্ন দল/পরিবার/বাড়ির সদস্যদের মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ এড়ানো যায়।
- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত শাটলে প্রবেশ এবং বের হওয়া পৃষ্ঠপোষকদের জন্য হ্যান্ড স্যানিটাইজার প্রদান করা।

- দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে কর্মচারী এবং পৃষ্ঠপোষকসহ সকল ব্যক্তিকে সব সময় গ্রহণযোগ্য মুখাবরণ পরিধান করে যখন তারা স্কি সবিধায় থাকবে, যদি না তারা খায় (উদাহরণস্বরূপ, একটি নির্দিষ্ট এলাকায় বসা, যেমন একটি লজ রেস্টুরেন্ট বা একটি ক্যাফে), মদ্যপান, অথবা স্কিয়িং করছে, যদি তারা দুই বছরের বেশী বয়সী হয় এবং চিকিৎসাগতভাবে এই ধরনের আবরণ সহ্য করতে সক্ষম হয়। ফেস কভার অবশ্যই অন্য সব সময় পরতে হবে, যার মধ্যে সীমাবদ্ধ নয়, লিফট লাইনে অপেক্ষা করা, টিকেট তোলার লাইনে অপেক্ষা করা, যন্ত্রপাতি ভাড়া করা, সরঞ্জাম লাগানো, লজে হাঁটা এবং অন্য যে কোন সুবিধা এলাকা পরিভ্রমণ করা।
  - COVID-19 এর জন্য গ্রহণযোগ্য মুখ আবরণের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, কাপড়-ভিত্তিক মুখ আবরণ এবং নিষ্পত্তিযোগ্য মাস্ক যা মুখ এবং নাক উভয় ঢেকে রাখে।
  - যদিও, কাজের ধরনের জন্য যেখানে সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের (Personal Protective Equipment, PPE) একটি উচ্চ মানের সুরক্ষার প্রয়োজন সেইসব ক্ষেত্রে কর্মক্ষেত্রের কার্যকলাপগুলির জন্য কাপড়ের, ডিজপোজেবেল, বা বাড়িতে তৈরি অন্যান্য মুখাবরণ স্বীকৃত নয়। সেই ক্রিয়াকলাপগুলির জন্য, OSHA মান অনুসারে বিদ্যমান শিল্প মানের অধীনে ব্যবহৃত N95 রেস্পিরেটর বা অন্যান্য PPE ব্যবহার করা চালিয়ে যাওয়া উচিত।
  - ফেডারেল ADA এবং নিউ ইয়র্ক স্টেট এবং সিটির মানবাধিকার আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ ভাবে মুখাবরণ পরার প্রয়োজনীয়তা প্রয়োগ করতে হবে, যেমনটা প্রযোজ্য।

- দায়বদ্ধ পক্ষগণ ওয়ার্কস্টেশন ও কর্মচারীর বসার এলাকার সংখ্যা ব্যবহার পরিবর্তন এবং/অথবা সীমাবদ্ধ করতে পারে, যাতে ব্যক্তিরা সব দিক থেকে অন্তত ছয় ফুট (যেমন-পাশে এবং যখন একে অপরের মুখোমুখি হয়) এবং ব্যবহারের মধ্যে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে ওয়ার্কস্টেশন শেয়ার না করেন। ওয়ার্কস্টেশনগুলির মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব না হলে (যেমন অভ্যর্থনা ডেস্ক, ভাড়া কাউন্টার), দায়বদ্ধ পক্ষগণকে সেইসব অঞ্চলে শারীরিক পরতিবন্ধকতা স্থাপন করতে হবে (যেমন, প্লাস্টিকের বিভাজক দেওয়াল) যেখানে সেগুলি বায়ুপ্রবাহ, তাপ, শীতলকরণ, বা বায়ু চলাচলকে প্রভাবিত করবে না, বা অন্যথায় কোনও স্বাস্থ্যজনিত বা নিরাপত্তার ঝুঁকির কারণ হবে না।
  - যদি ব্যবহার করা হয়, তাহলে OSHA নির্দেশাবলী অনুযায়ী শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা উচিত।

- বস্তুগত বাঁধার বিকল্পগুলি অন্তর্ভুক্ত করতে পারে: ফালি করে কাটা পর্দা, কিউবিকল ওয়াল, প্লেক্সিগ্লাস বা সেই ধরনের উপকরণ, বা অন্যান্য অপ্রবেশ্য বিভাজক বা পার্টিশন।

- দায়বদ্ধ পক্ষগণকে একই সময়ে একাধিক ব্যক্তি দ্বারা ছোট স্থানগুলির (উদাহরণস্বরূপ, ক্যাশ রেজিস্টারের পিছনে, যন্ত্রপাতি চেক আউট এলাকা ইত্যাদি) ব্যবহার নিষিদ্ধ করা উচিৎ, যদি না একই সময়ে এই ধরনের স্থানে থাকা সকল কর্মীরা গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন বা তারা একই পার্টি/পরিবারের/বাসস্থানের সদস্য হন।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই গ্রাহকদের দ্বিমুখী পদ চলাচল কমানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে (উদাহরণস্বরূপ, টেপ ব্যবহার করে, তীর চিহ্ন, অথবা সংকীর্ণ ওয়াকওয়ে, হলওয়ে বা স্থানে অন্যান্য চিহ্ন ব্যবহার করে)।
  - যেখানেই সম্ভব সেখানে, একমুখী ভিড়কে যাওয়ার জন্য উৎসাহিত করতে মার্কার অথবা বন্ধন রাখুন।

- দায়বদ্ধ পক্ষকে সারা স্কি ফ্যাসিলিটি জুড়ে চিহ্ন লাগাতে হবে, যা DOH এর COVID-19 চিহ্নের সাথে সামঞ্জস্যপূর্ণ। দায়বদ্ধ পক্ষ তাদের কর্মক্ষেত্র বা সেটিং-এর উপর ভিত্তি করে নিজেদের কাস্টমাইজড চিহ্ন তৈরি করতে পারে, এই ধরনের চিহ্ন ডিপার্টমেন্টের চিহ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। ব্যক্তিদের নিম্নোক্ত বিষয়গুলি মনে করিয়ে দেওয়ার জন্য চিহ্নের ব্যবহার করা উচিত:
  - তারা অসুস্থ বোধ করলে বাড়িতে থাকা।
  - খাওয়া, পান করা, অথবা সক্রিয়ভাবে স্কিয়িং কার্যক্রমে লিপ্ত থাকা ছাড়া তাদের নাক এবং মুখ সব সময় মুখ ঢেকে রাখা।
  - যদি তারা সম্প্রতি COVID-19 এর উল্লেখযোগ্য কমিউনিটি সংক্রমণ রয়েছে এমন একটি স্টেটে বা CDC এর লেভেল 2 বা 3 এ রয়েছে এমন দেশে গিয়ে থাকে, তাহলে DOH এর ভ্রমণ নির্দেশিকা অনুসারে কোয়ারেন্টিন করতে হবে।
  - PPE সঠিকভাবে রাখা, পরিষ্কার করা এবং যখন প্রয়োজন, তা বাতিল করা।
  - শারীরিক দূরত্বের নির্দেশীকাগুলি মেনে চলা।
  - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
  - হাতের পরিচ্ছন্নতা এবং পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করা।
  - যথাযথ শ্বাস-প্রশ্বাসের পরিচ্ছন্নতা এবং কাশির শিষ্টাচার অনুসরণ করা।
  - সরঞ্জাম পরিষ্কার রাখা (উদাহরণস্বরূপ, ব্যবহারের আগে এবং পরে জীবাণুনাশক ওয়াইপস ব্যবহার করা)।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই যতটা সম্ভব সশরীরে কর্মী সমাবেশ সীমিত করতে হবে (যেমন কর্মচারী সভা, ব্রেক রুমে, স্টক রুম) এবং, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এর নির্দেশিকা "ব্যবসা ও নিয়োগকর্তাদের জন্য করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর জন্য পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার অন্তর্বর্তী নির্দেশিকা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19)) অনুযায়ী ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো অন্যান্য পদ্ধতি ব্যবহার করার কথা বিবেচনা করতে হবে। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়িত্বশীল দলগুলোর খোলা, ভালভাবে ভেন্টিলেটারের মধ্যে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তি এক আরেকজনের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখবে (যেমন চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদেরকে একটা চেয়ার ছেড়ে পরের চেয়ারে বসতে হবে)।

- দায়বদ্ধ পক্ষগণকে লোকজনের উপস্থিতি সীমিত করে অথবা অত্যাবশ্যক নয় এমন সুযোগ-সুবিধা এবং সাম্প্রদায়িক এলাকা যা যথাযথ সামাজিক দূরত্ব পালনের সুযোগ দেয় না তা বন্ধ করে সামাজিক দূরত্ব পালনকে উৎসাহিত

করতে হবে। যদি খোলা থাকে, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই এই ধরনের সুবিধার কাছাকাছি সরঞ্জামের পাশে হ্যান্ড স্যানিটাইজার বা জীবাণুনাশক ওয়াইপ সরবরাহ করতে হবে (উদাহরণস্বরূপ, ভেন্ডিং মেশিন, সাম্প্রদায়িক কফি স্টেশন, ব্রেক রুম)।

- দায়বদ্ধ পক্ষকে ছোটো এলাকায়, যেমন চেঞ্জিং রুম, বিশ্রামকক্ষ এবং ব্রেকরুম-এ অবশ্যই যথাযথ সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকাগুলিতে যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং
- দায়বদ্ধ পক্ষ সাম্প্রদায়িক বাথরুমের জন্য সর্বোত্তম অনুশীলন বাস্তবায়ন করতে পারে, যার মধ্যে রয়েছে:
  - যদি ছয় ফুট ব্যবধান রাখা সম্ভব না হলে, টয়লেট এবং সিঙ্কের মধ্যে বস্তুগত বাঁধা স্থাপন করা; এবং
  - এয়ার ড্রায়ারের পরিবর্তে স্পর্শবিহীন সাবান, এবং স্পর্শবিহীন কাগজের তোয়ালে ডিসপেনসার ব্যবহার।
- দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ যতদূর সম্ভব তাদের কর্মীদের যে কোন সমাবেশের জন্য সামাজিক ব্যবধান (অর্থাৎ ছয় ফুট ব্যবধান) পালন করার উদ্দেশ্যে (যেমন কফি পানের বিরতি, খাবার, শিফট শুরু/শেষ হওয়া) সময়সূচী আগু-পিছু করা।

C. কার্য পরিচালনা সংক্রান্ত কার্যকলাপ

- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত পৃষ্ঠপোষকদের তাদের নিজস্ব স্কি সরঞ্জাম (যেমন, বুট, স্কি, হেলমেট ইত্যাদি) আনতে উৎসাহিত করা।
- দায়বদ্ধ পক্ষগুলির স্কি ভাড়ার জন্য অ্যাপয়েন্টমেন্ট বা রিজার্ভেশন, এবং/অথবা অন-মাউন্টেন কার্যক্রমের জন্য অগ্রিম চেকইন (উদাহরণস্বরূপ, স্কি লেসন, স্কি রেস) ব্যবহার করা উচিত যাতে ধারণ ক্ষমতার বিধিনিষেধ মেনে চলা নিশ্চিত করার যায়।
- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সদস্যগণ যদি না তারা একই দল/পরিবার/বাড়ির সদস্য না হন সেক্ষেত্রে স্কি সরঞ্জাম, বিশেষ করে ভারার, ব্যবহারের আগে ও পরে সেগুলো ভাগাভাগি করছে না।
- ব্যক্তিগত এবং গ্রুপ স্কি উভয় লেসনের জন্য:
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই ক্লাস এবং স্থানের জন্য অ্যাপয়েন্টমেন্ট, রিজার্ভেশন, দূরবর্তী চেক-ইন, এবং/অথবা অগ্রিম সাইন-আপ ব্যবহার করতে হবে যাতে পৃষ্ঠপোষকদের উপস্থিতি ট্যাক করে ক্ষমতা নির্ধারণ করা যায়।
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে ক্লাস বা লেসনে অংশগ্রহণকারী পৃষ্ঠপোষকরা একটি দৈনন্দিন স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করেছে, যেমনটা নিচে বর্ণনা করা হয়েছে, নির্দেশনার আগে।
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে প্রশিক্ষকগণ এবং পৃষ্ঠপোষকগণ সহ ব্যক্তিরা যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখে এবং উপরোক্ত প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্যপূর্ণ গ্রহণযোগ্য মুখ আবরণ পরিধান করে।
    - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে পৃষ্ঠপোষক এবং প্রশিক্ষকরা যতদূর সম্ভব ছয় ফুট দূরত্ব বজায় রাখেন, মাঝে মাঝে, সংক্ষিপ্ত যোগাযোগ যা একটি স্বাস্থ্য বা নিরাপত্তা ঝুঁকি মোকাবেলা করার জন্য ছয় ফুটের কম হতে পারে (উদাহরণস্বরূপ, ব্যায়াম, সঠিক ফর্ম বা ভঙ্গি প্রদর্শন)। যেকোনো ক্ষেত্রেই, এই ঘনিষ্ঠ যোগাযোগ সম্ভাব্য ন্যূনতম সময়ের মধ্যে পরিচালনা করতে হবে (অর্থাৎ, কোন দীর্ঘস্থায়ী বা সামাজিকীকরণ নয়);
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নির্দেশক ব্যতীত প্রাপ্তবয়স্কদের লেসনের জন্য অংশগ্রহণকারীদের সংখ্যা 10 বা তার কম এবং শিশুদের লেসনের জন্য অংশগ্রহণকারীদের সংখ্যা 6 বা তার কম লোকের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

- যেখানে সম্ভব এবং কার্যকর, দায়বদ্ধ পক্ষগুলির উচিত একই দল/পরিবার/পরিবার/বাড়ির থেকে গ্রুপ লেসনে বা কার্যক্রমে পৃষ্ঠপোষকদের উৎসাহিত করা।
- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষের উচিৎ সামাজিক দূরত্ব বজায় রাখা এবং মুখ আচ্ছাদনের প্রয়োজনীয়তা মেনে চলার জন্য ব্যক্তিগত বা স্বতন্ত্র ব্যবস্থায় প্রাপ্তবয়স্ক ও শিশুদের জন্য আলাদা লেসন পরিচালনা করা।

  - দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই পৃষ্ঠপোষকদের উৎসাহিত করতে হবে অন্য পৃষ্ঠপোষকের সরঞ্জাম সামলানো থেকে বিরত থাকতে, যদি না তারা একই দল/পরিবার/বাড়ির সদস্য হয়।
  - দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে কোন সরঞ্জাম (উদাহরণস্বরূপ, শেয়ারকৃত পোল, ইত্যাদি) বিভিন্ন ব্যক্তির ব্যবহারের মধ্যে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়, যদি না তারা একই দল/পরিবার/বাড়ির সদস্য হয়।

- দায়বদ্ধ পক্ষদের প্রযোজ্য হলে ঘনিষ্ঠ সুযোগ-সুবিধা বন্ধ রাখতে হবে, যার মধ্যে রয়েছে:
  - ওয়ার্লপুল, সাউনা, এবং বাষ্প কক্ষ;
  - সাম্প্রদায়িক শাওয়ার;
  - স্বীয় পরিবেশনের বার এবং স্যামপ্লারগুলি বন্ধ করা; এবংঅথবা
  - পানির ফোয়ারা (যদিও, পানির বোতল রিফিল স্টেশন খোলা থাকতে পারে); এবং

- দায়বদ্ধ পক্ষদের নিম্নলিখিত পদ্ধতিগুলির মাধ্যমে পারস্পরিক সংযোগ এবং জনসমাগম কমাতে হবে এই ধরণের পদ্ধতিগুলির মাধ্যমে:
  - কর্মক্ষেত্রের ভিতরে উপস্থিতি শুধুমাত্র আবশ্যক কর্মীদের মধ্যেই সীমিত রেখে;
  - কর্মক্ষেত্রের সময়গুলির সামঞ্জস্যবিধান;
  - বাইরের জায়গা ব্যবহারে উৎসাহিত করা, যেখানে সম্ভব;
  - শিফটিং ডিজাইন (উদাহরণস্বরূপ A/B দল, আগমন/প্রস্থানের বিভিন্ন সময়);
  - টেলিফোন, কপিয়ার, প্রিন্টার, রেজিস্টার ইত্যাদি সাধারণ অফিস সরঞ্জামের নিরাপদ ব্যবহারের জন্য প্রোটোকল তৈরি; এবং/অথবা
  - অংশীদারি সরঞ্জাম ব্যবহার নিষিদ্ধ, যদি না এটি সঠিকভাবে পরিষ্কার করা যায় এবং ব্যবহারের মধ্যে জীবাণুমুক্ত করা যায়।

- দায়বদ্ধ পক্ষগণকে DOH এর নিম্নলিখিত নির্দেশনা, "সরকারি এবং বেসরকারি সুবিধার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Facilities) অনুযায়ী পরিষ্কারকরণ পদ্ধতিগুলি কার্যকর করতে প্রয়োজন অনুযায়ী সময়ের সামঞ্জস্য বিধান করতে হবে।

- যেখানে সম্ভব এবং বাস্তবসম্মত, দায়বদ্ধ পক্ষগুলির উচিত পৃষ্ঠপোষকদের দূর থেকে খাদ্য এবং পানীয় অর্ডার করতে উৎসাহিত করা (উদাহরণস্বরূপ, অনলাইন, অ্যাপ, ফোন), এবং কাউন্টার পিক-আপের জন্য আইটেম উপলভ্য করা।

- দায়বদ্ধ পক্ষগুলো পেশাদারী স্কি প্রশিক্ষণ এবং রেসিং এলাকা পরিচালনা করতে পারে; যদিও, এই ধরনের এলাকা "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় পেশাদারী ক্রীড়া প্রশিক্ষণ সুবিধার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Professional Sports Training Facilities During the COVID-19 Public Health Emergency) বা "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থায় ভক্ত ছাড়া পেশাদারী ক্রীড়া প্রতিযোগিতার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Professional Sports Competitions with No Fans During the COVID-19 Public Health Emergency), অনুযায়ী পরিচালিত হতে পারে।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই সকল স্কি সুবিধা এলাকায় এবং সকল স্কি সুবিধা এলাকায় ট্রাফিক প্রবাহ পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ করতে হবে, যার মধ্যে রয়েছে স্কি লজ, লিফট লাইন, এবং স্কি রেন্টাল কাউন্টারে, সর্বোচ্চ ক্ষমতা এবং সামাজিক দূরত্বের প্রয়োজনীয়তা মেনে চলা নিশ্চিত করা।
    - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই ভিজুয়াল কিউ (উদাহরণস্বরূপ, কোন, সাইনবোর্ড, মার্কার) রাখতে হবে যাতে সকল সুবিধার ওয়েটিং লাইনে ছয় ফুট দূরত্ব নির্দেশ করা যায় (উদাহরণস্বরূপ, টিকেট পিক-আপ, খাদ্য সেবা)।
    - যতদূর বাস্তবসম্মত, দায়বদ্ধ পক্ষগুলোর উচিত প্রবেশদ্বারে এবং/ অথবা লিফটের লাইনে পৃষ্ঠপোষকদের ভিড় কমাতে বিভিন্ন সময় দেওয়া।
- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত সব সাধারণভাবে ব্যবহৃত এবং যে কোন এলাকায় মানুষ জড়ো হতে পারে (যেমন, ব্রেক রুম, সরঞ্জাম চেকআউট এলাকা, লকার রুম) সেখানে ছয় ফুটের চিহ্ন এবং দূরত্ব চিহ্নিত করা।
- দায়বদ্ধ পক্ষকে পৃষ্ঠপোষকদের জন্য প্রতিষ্ঠানের বাইরে শারীরিক দূরত্ব বজায় রেখে সারিবদ্ধ করে দাঁড় করানোর ব্যবস্থা রাখতে হবে, যার মধ্যে চাক্ষুষ ইঙ্গিত এবং/অথবা সারি নিয়ন্ত্রণ যন্ত্র (যেমন স্টানশন, লাইনের দূরত্ব মার্কার, তীর চিহ্ন)ইত্যাদি অন্তর্ভুক্ত।
- দায়বদ্ধ পক্ষের উচিৎ অন্যান্য পৃষ্ঠপোষকদের মধ্যে সামাজিক দূরত্ব বৃদ্ধি করার জন্য জনগণের ওয়েটিং এলাকার ব্যবস্থা করা (যেমন লাইন, পার্কিং এলাকা) এবং এলাকার অন্য পৃষ্ঠপোষক/পার্টির সাথে যোগাযোগ কমানোর ব্যবস্থা করা।
- দায়বদ্ধ পক্ষের অন-সাইট আলাপচারিতা সীমিত করা উচিত (উদাহরণস্বরূপ, যে সমস্ত ব্যক্তি ইনডোর স্কি ফেসিলিটি থেকে চলে যাচ্ছেন এবং যারা প্রবেশ করছেন তাদের জন্য পৃথক প্রস্থান এবং প্রবেশদ্বারের ব্যবস্থা রাখা) এবং চলাচল সীমিত করা উচিৎ (যেমন কর্মীদের উচিৎ নিজেদের ওয়ার্কস্টেশনের কাছে যথাসম্ভব থাকা)।
    - যেখানে কার্যকর, দায়বদ্ধ পক্ষগুলির উচিত প্রবেশপথের সংখ্যা সীমিত করা যাতে এটি যে কোন ইনডোর স্কি সুবিধা এলাকায় বা লজ স্পেসে ট্রাফিক প্রবাহ পরিচালনা করতে সাহায্য করে এবং দখল/ক্ষমতা সীমা পর্যবেক্ষণের অনুমতি দেয়।
- দায়বদ্ধ পক্ষগুলিকে যতটা সম্ভব যোগাযোগ সীমিত করতে অবশ্যই পিকআপ এবং ডেলিভারির জন্য এলাকা নির্দিষ্ট করতে হবে।
- পণ্য ডেলিভারির জন্য, দায়বদ্ধ পক্ষদের স্পর্শ না করে একটি ডেলিভারি ব্যবস্থার বাস্তবায়ন করতে হবে, যেখানে ডেলিভারি করার সময় ড্রাইভার গাড়িতে বসে থাকেন অথবা যেখানে সম্ভব নয় সেখানে, দায়বদ্ধ পক্ষরা প্রত্যাশিত কার্যকলাপের উপযুক্ত গ্রহণযোগ্য PPE প্রদান করবে যার মধ্যে ন্যূনতমভাবে ডেলিভারি প্রক্রিয়া চলাকালীন সময়ের জন্য বিনামূল্যে ডেলিভারির সাথে জড়িত ব্যক্তির জন্য একটি মুখের আবরণ অন্তর্ভুক্ত থাকে।
- দায়বদ্ধ পক্ষকে পণ্যের একটি লোড স্থানান্তর (উদাঃ একজন ডেলিভারি ড্রাইভার থেকে) করার আগে এবং পরে অবশ্যই কর্মীদের কর্তৃক হাত জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে (যেমন পণ্য লোড করতে শুরু করার আগে হাত জীবাণুমুক্ত করা; এবং একবার সব পণ্য লোড করা হয়ে গেলে, তাদের হাত জীবাণুমুক্ত করে সমাপ্ত করা)।
- দায়বদ্ধ পক্ষগুলো আউটডোর এবং ইনডোর ফুড সার্ভিস এলাকা খুলতে পারে; যদি, এই ধরনের এলাকা DOH এর "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় খাদ্য সেবার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Food Services During the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কাজ করে, যার মধ্যে রয়েছে

বসার ব্যবস্থা সহ টেবিলের মধ্যে যে কোন প্রয়োজনীয় বিচ্ছেদ, গ্রাহকদের মধ্যে সামাজিক দূরত্ব এবং সীমিত ধারণক্ষমতা।

- দায়বদ্ধ পক্ষের আউটডোর ফুড সার্ভিস সরবরাহের এলাকা সম্প্রসারণের কথা বিবেচনা করা উচিৎ, পাশাপাশি আউটডোর ফুড সার্ভিসে বসার জায়গাগুলোতে খাবার খাওয়ার সুযোগ ও খাওয়ার সুযোগ বাড়ানোর কথা বিবেচনা করা উচিৎ, যাতে ইনডোর এলাকায় ভিড় কমানো যায়।

- দায়বদ্ধ পক্ষগুলো স্কি রেন্টাল অপারেশন খুলতে পারে; যদি, এই ধরনের এলাকা DOH এর"COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় খুচরা বিক্রয়, ভাড়া, মেরামত এবং পরিষ্কার কার্যক্রমের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Retail Rental, Repair, and Cleaning Activities During the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কাজ করে।
  - দায়বদ্ধ পক্ষগুলোর উচিত ভাড়ার সরঞ্জামের জন্য বাইরে প্রি-অর্ডার/পিক-আপকে উৎসাহিত করা যাতে ইনডোরে উপস্থিতি কমানো যায়।
  - দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই পৃষ্ঠপোষক এবং প্রশিক্ষকদের সর্বোচ্চ দূরত্ব বজায় রাখা নিশ্চিত করতে হবে, মাঝে মাঝে, সংক্ষিপ্ত যোগাযোগ যা সরঞ্জাম ফিটিংস (উদাহরণস্বরূপ, স্কি বুট পরার জন্য সাহায্য করার জন্য দূরত্ব ছয় ফুটের কাছাকাছি হতে পারে) বিবেচনা করে যেতে পারে। যেকোনো ক্ষেত্রেই, এই ঘনিষ্ঠ যোগাযোগ সম্ভাব্য ন্যূনতম সময়ের মধ্যে পরিচালনা করতে হবে (অর্থাৎ, কোন দীর্ঘস্থায়ী বা সামাজিকীকরণ নয়);

II. জায়গা

A. এয়ার হ্যান্ডলিং এবং বিল্ডিং সিস্টেম্স

- সেন্ট্রাল এয়ার হ্যান্ডলিং সিস্টেম সহ স্কি ফেসিলিটির জন্য দায়বদ্ধ পক্ষকে কেন্দ্রীয় HVAC সিস্টেম ফিল্টারেশন বর্তমানে ইনস্টল করা ফিল্টার র‍্যাক এবং এয়ার হ্যান্ডলিং সিস্টেমের সাথে সামঞ্জস্যপূর্ণ তা নিশ্চিত করতে হবে, যা ন্যূনতম MERV-13, অথবা শিল্পের সমতুল্য বা তার চেয়ে বেশি (উদাহরণস্বরূপ, HEPA), যেমন প্রযোজ্য, এবং একটি প্রত্যয়িত টেকনিশিয়ান বা সংস্থা, অ্যামেরিকান সোসাইটি অফ হিটিং, রেফ্রিজারেটিং অ্যান্ড এয়ার কন্ডিশনিং (American Society of Heating, Refrigerating and Air-Conditioning Engineers, ASHRAE)-প্রত্যয়িত, পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিসনিং পেশাদার, অথবা নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত পেশাদার বিল্ডিং ইঞ্জিনিয়ার হতে হবে।
  - দায়বদ্ধ পক্ষ CDC এবং ASHRAE সুপারিশ অনুযায়ী অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল গ্রহণ করার কথা বিবেচনা করতে পারে, বিশেষ করে 15 বছরের বেশী বয়সী ভবনগুলোর জন্য, যার মধ্যে রয়েছে:
    - কেন্দ্রীয় ব্যবস্থার প্রয়োজনীয় রেট্রো-কমিশনিং, সেই সাথে প্রয়োজন অনুযায়ী পরীক্ষা, ভারসাম্য এবং মেরামত করা;
    - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
    - দীর্ঘ সময় ধরে সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
    - চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, যেখানে যুক্তিসঙ্গত, এবং তাজা বায়ু সরবরাহ বৃদ্ধি কারী সিস্টেম রক্ষণাবেক্ষণ;

- যেখানে সম্ভব 40-60% মধ্যে আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখা;
- সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
- বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা;
- এগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।
- বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালা খোলা রাখা;
- বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করতে যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (Ultraviolet Germicidal Irradiation, UVGI) ইনস্টল করা; এবং/অথবা
- বহনযোগ্য এয়ার ক্লিনার (উদাহরণস্বরূপ, বৈদ্যুতিক HEPA ইউনিট) ব্যবহার করা, যে ইউনিট গুলি যথাযথ কর্মক্ষমতা স্তরে সর্বোচ্চ বায়ু পরিবর্তন হার প্রদান করে এবং ক্ষতিকর বাইপ্রোডাক্ট উৎপাদন করে না।

- স্কি ফেসিলিটিসমূহ যেগুলি উপরে উল্লিখিত ন্যূনতম ফিল্টারেশনের মাত্রা (অর্থাৎ, MERV-13 বা তার বেশি) পরিচালনা করতে পারে না সেগুলির জন্য, দায়বদ্ধ পক্ষদের অবশ্যই উচিৎ একটি প্রত্যয়িত HVAC টেকনিশিয়ান, পেশাদার, অথবা কোম্পানি, ASHRAE-প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিশনিং পেশাদার, অথবা নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত পেশাদার বিল্ডিং ইঞ্জিনিয়ারের দ্বারা প্রত্যয়ন এবং নথিভুক্ত করতে হবে যে বর্তমানে ইনস্টল করা ফিল্টার র্যাকটি উপরে উল্লিখিত ফিল্টারেশনের ন্যূনতম স্তরের (অর্থাৎ MERV-13 বা তার বেশি) সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এবং/ অথবা এয়ার হ্যান্ডলিং সিস্টেমটি গরম এবং ঠান্ডা করার ন্যূনতম স্তরটি সম্পাদন করতে অক্ষম হবে যা সেটি অন্যথায় COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার আগে করতে সক্ষম হয়েছিল যদি তেমন উচ্চ মাত্রার ফিল্টারেশন (অর্থাৎ MERV-13 বা তার বেশি) ইন্সটল করা থাকে।
    - উপরন্তু, কম ফিল্ট্রেশন রেটে অপারেট করার জন্য দায়বদ্ধ পক্ষকে অবশ্যই স্টেট বা স্থানীয় স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের পর্যালোচনার জন্য এই ধরনের কাগজপত্র রাখতে হবে, অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন কমানোর প্রোটোকল সহ।
    - উপরন্তু, যেসব দায়বদ্ধ পক্ষদের এয়ার হ্যান্ডলিং সিস্টেম সহ ফ্যাসিলিটি আছে যা MERV-13 বা তার বেশি ফিল্টারেশনের রেটিং পূরণ করতে অক্ষম তাদের CDC এবং ASHRAE পরামর্শগুলি অনুযায়ী বাড়তি ভেন্টিলেশন এবং এয়ার ফিল্টারেশন মিটিগেশন প্রোটোকলগুলি গ্রহণ করতে হবে, যার মধ্যে রয়েছে:
        - কেন্দ্রীয় ব্যবস্থার প্রয়োজনীয় রেট্রো-কমিশনিং, সেই সাথে প্রয়োজন অনুযায়ী পরীক্ষা, ভারসাম্য এবং মেরামত করা;
        - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
        - দীর্ঘ সময় ধরে সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
        - চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, যেখানে যুক্তিসঙ্গত, এবং তাজা বায়ু সরবরাহ বৃদ্ধি কারী সিস্টেম রক্ষণাবেক্ষণ;
        - যেখানে সম্ভব 40-60% মধ্যে আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখা;
        - সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
        - বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা;
        - এগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।

- বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালা খোলা রাখা;
- বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করতে যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (Ultraviolet Germicidal Irradiation, UVGI) ইনস্টল করা; এবং/অথবা
- বহনযোগ্য এয়ার ক্লিনার (উদাহরণস্বরূপ, বৈদ্যুতিক HEPA ইউনিট) ব্যবহার করা, যে ইউনিট গুলি যথাযথ কর্মক্ষমতা স্তরে সর্বোচ্চ বায়ু পরিবর্তন হার প্রদান করে এবং ক্ষতিকর বাইপ্রোডাক্ট উৎপাদন করে না।

- যে সব দায়বদ্ধ পক্ষের স্কি সুবিধায় কেন্দ্রীয় এয়ার হ্যান্ডলিং সিস্টেম নেই, তাদের অবশ্যই CDC এবং ASHRAE এর সুপারিশ অনুযায়ী ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল গ্রহণ করতে হবে।
  - সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে যেকোনো রুমের ভেন্টিলেশন সিস্টেম (যেমন উইন্ডো ইউনিট, ওয়াল ইউনিট) এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।
  - দীর্ঘ সময় ধরে যেকোনো রুমের ভেন্টিলেশন সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
  - তাজা বায়ু গ্রহণ সর্বোচ্চ করতে রুম ভেন্টিলেশন সিস্টেম সেটিং করা, ব্লোয়ার ফ্যান কম গতিতে সেট করা এবং বাসিন্দাদের থেকে যতদূর সম্ভব দূরে মুখ করে দেওয়া;
  - যেখানে সম্ভব 40-60% এর মধ্যে আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখা;
  - বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালা খোলা রাখা;
  - যে কোন সিলিং ফ্যান সেট করা যাতে বাসিন্দাদের থেকে উপরের দিকে বাতাস টানতে পারে, যদি প্রযোজ্য হয়;
  - যেখানে সম্ভব ইনডোর বাতাস এক্সজস্টের বদলে জানালায় ফ্যানের অগ্রাধিকার দেওয়া;
  - এমন পাখা ব্যবহার করা থেকে বিরত থাকা যা শুধুমাত্র বাতাস পুনঃপ্রবাহ করে অথবা যথাযথ এক্সজস্ট সরবরাহ না করে শুধুমাত্র একটি ঘরে বাতাস দেয়; এবং/অথবা
  - বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করতে যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (Ultraviolet Germicidal Irradiation, UVGI) ইনস্টল করা; এবং/অথবা
  - বহনযোগ্য এয়ার ক্লিনার (উদাহরণস্বরূপ, বৈদ্যুতিক HEPA ইউনিট) ব্যবহার করা, যে ইউনিট গুলি যথাযথ কর্মক্ষমতা স্তরে সর্বোচ্চ বায়ু পরিবর্তন হার প্রদান করে এবং ক্ষতিকর বাইপ্রোডাক্ট উৎপাদন করে না।

- একেবারে বন্ধ থাকা একটি বিল্ডিংয়ে লোকজন ফিরে আসার আগে, একটি স্বাস্থ্যকর এবং নিরাপদ পরিবেশ সুনিশ্চিত করতে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই ফিরে আসার আগের পরীক্ষা, কাজ এবং মূল্যায়নগুলি সম্পূর্ণ করতে হবে। এই সিস্টেমগুলির মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু সীমিত নয়, মেকানিক্যাল সিস্টেম, ওয়াটার সিস্টেম, লিফট, এবং HVAC সিস্টেমগুলি।
  - সরঞ্জামগুলি কতদিন ধরে নিষ্ক্রিয় ছিল তার ওপর নির্ভর করে, মেশিনারি (যেমন ভাল্ভ এবং সুইচ) সঠিকভাবে অপারেট করছে তা নিশ্চিত করতে দায়বদ্ধ পক্ষগণকে সিস্টেমগুলিকে সতর্কভাবে পর্যবেক্ষণ করে চালাতে হবে।
  - দীর্ঘদিন বন্ধ থাকার পরে সিস্টেমগুলিকে পুনরায় চালু করতে নির্দিষ্ট সিস্টেম অ্যাক্সনের প্রয়োজন হতে পারে। পর্যবেক্ষণ অনুযায়ী বন্ধ থাকার মেয়াদ এবং অবস্থার ওপর ভিত্তি করে দায়বদ্ধ পক্ষগণকে এই আইটেমগুলির প্রতিটির প্রয়োজনীয়তা নির্ধারণ করতে হতে পারে।

- যথার্থতা এবং প্রযোয্যতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে মেকআপ/বাইরের এয়ার সিস্টেমের ডিজাইনের ওপর নির্ভর করে অন্তত 24 ঘণ্টার জন্য বিল্ডিংটিকে নির্মল বায়ু দিয়ে পরিপূর্ণ করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে এয়ার ফিল্টারগুলি প্রয়োজন (যেমন, বিল্ডিংটি নির্মল বায়ু দিয়ে পরিপূর্ণ করার পরে) অনুযায়ী বদলানো হয়েছে।
- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে কুলিং টাওয়ারগুলি স্টেটের আবশ্যিকতা অনুযায়ী রক্ষণাবেক্ষণ ও মনিটর করা হয়েছে এবং যে কোনো বন্ধ ওয়াটার সিস্টেম এবং/অথবা ওয়াটার ফিচারের জন্য রাসায়নিক এবং মাইক্রোবায়াল স্তরগুলি উল্লিখিত পরিসীমার মধ্যে আছে, এবং কোনো ডিভাইসে জল জমে থাকলে তা বের করে দেওয়া হয়েছে।
- প্রযোজ্য হলে, দায়বদ্ধ পক্ষগণকে বিল্ডিংয়ের জল পরিচালনা পরিকল্পনা অনুযায়ী অবশ্যই ঠান্ডা- এবং গরম-জল ফ্লাশ করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে বিল্ডিংয়ের ওয়াটার সিস্টেম ফ্লাশ করার পরে যে কোনো ওয়াটার ফিল্টার প্রয়োজন অনুযায়ী বদলানো হয়েছে।
- যে সকল বিল্ডিং পুরোপুরি বন্ধ ছিল সেগুলির জন্য, দায়বদ্ধ পক্ষগণকে সুনিশ্চিত করতে হবে যে রিওপেনিং এর আগে সমস্ত মেকানিক্যাল যন্ত্রপাতি এবং সিস্টেমের অপারেশন রিস্টোর করা হয়েছে।

B. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মী এবং পৃষ্ঠপোষকদের স্কি সুবিধায় প্রবেশের অনুমতি দেওয়া হবে কেবল যদি তারা একটি গ্রহণযোগ্য মুখাবরণ পরে থাকেন, যদি কর্মী এবং পৃষ্ঠপোষকদের বয়স 2 বছরের বেশী হয় এবং তারা চিকিৎসাগতভাবে এই ধরনের আবরণ সহ্য করতে সক্ষম হন।
  - নির্বাহী আদেশ 202.34 অনুযায়ী, দায়বদ্ধ পক্ষ মুখ ঢেকে রাখতে ব্যর্থ ব্যক্তিদের ঢুকতে দিতে অস্বীকার করতে পারে।
- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মচারী এবং পৃষ্ঠপোষকসহ সকল ব্যক্তিকে নিম্নলিখিত ব্যতিক্রমসহ সব সময় মুখাবরণ পরতে হবে:
  - খাওয়া বা পান করার সময় ব্যক্তিদের সাময়িকভাবে মুখের আবরণ অপসারণ করার অনুমতি দেওয়া হতে পারে, যতক্ষণ না তারা অন্যদের থেকে ছয় ফুট দূরত্ব বজায় রাখে, যদি না তারা একই দল/পরিবার/পরিবারের সদস্য হয়।
  - পর্বত থেকে নিচে স্কিয়িং করার সময় ব্যক্তিবর্গকে সাময়িকভাবে মুখাবরণ অপসারণ করার অনুমতি দেওয়া হতে পারে, যতক্ষণ তারা অন্য ব্যক্তিদের থেকে ছয় ফুট দূরত্ব বজায় রাখে।
- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত চেক-আউট রেজিস্টার, টিকেট কিয়স্ক, ছাড় বা টিকেট স্টেশনে শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা, যতটা সম্ভব এবং যেখানে সামাজিক দূরত্ব বজায় রাখা যায় না। উপরে যেমন উল্লেখ করা হয়েছে, শারীরিক প্রতিবন্ধকতা, (যেমন প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপাদান) যদি ব্যবহার করা হয়, তাহলে OSHA-র নির্দেশিকা অনুযায়ী স্থাপন করা উচিত।
- দায়বদ্ধ পক্ষগুলোর উচিত গ্রহণযোগ্য মুখাবরণ এবং কোথায় এবং কিভাবে তাদের পরতে হবে তা নির্দেশ করে PPE নির্দেশিকা সাইনবোর্ড পোস্ট করা।
- নির্দিষ্ট কর্মক্ষেত্রের ক্রিয়াকলাপের জন্য আবশ্যিক PPE এর প্রয়োজনীয়তা ছাড়াও, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই গ্রহণযোগ্য মুখের আবরণ সংগ্রহ করতে, তৈরি করতে বা অন্যথায় অর্জন করতে হবে এবং এই ধরনের আবরণ কর্মক্ষেত্রে থাকাকালীন কর্মচারীদের বিনা মূল্যে প্রদান করা উচিত। কোনো কর্মচারীর মুখের আবরণ বদলাবার

প্রয়োজন হলে তা প্রদান করার জন্য দায়বদ্ধ পক্ষগুলির কাছে পর্যাপ্ত মাস্ক এবং অন্যান্য PPE-এর যোগান থাকতে হবে।

- COVID-19 এর জন্য গ্রহণযোগ্য মুখাবরণের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, ব্যায়াম উপযোগী কাপড়-ভিত্তিক মুখ আবরণ এবং ডিসপোজেবল মাস্ক যা মুখ এবং নাক উভয় ঢেকে রাখে।

- মুখের আবরণ ব্যবহারের পর পরিষ্কার বা প্রতিস্থাপন করতে হবে এবং শেয়ার করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য এবং সেইসাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।
  - লক্ষ্য রাখবেন যে, যেসব ক্ষেত্রে কাজের প্রকৃতির কারণে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম হিসাবে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন হয় সেসব ক্ষেত্রে কাপড়, ডিসপোজেবল মুখাবরণ কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য মুখ আবরণ হিসাবে গ্রহণযোগ্য নয়। দায়িত্বশীল পক্ষগুলিকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য OSHA-এর মান মেনে চলতে হবে।
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই কর্মীদের পরামর্শ দিতে হবে যদি মাস্ক ভিজে যায় বা ময়লা হয়ে যায় তাহলে তাদের মুখাবরণ নিয়মিত পরিষ্কার বা প্রতিস্থাপন করতে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের কর্মীদের নিজস্ব গ্রহণযোগ্য মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু তাদের কর্মীদের তারা নিজস্ব মুখের আবরণ সরবরাহ করতে বলতে পারবেন না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মচারীদের তাদের নিজস্ব বাড়তি প্রতিরক্ষামূলক মুখের আবরণগুলি (যেমন সার্জিক্যাল মাস্ক, N95 রেসপিরেটর বা ফেস শিল্ড) পরতে বাধা দেবে না। অন্যথায় কর্মচারীদের কাজের ধরন অনুযায়ী দায়বদ্ধ পক্ষগণকে তাদের আরো প্রতিরক্ষামূলক PPE পরা বাধ্যতামূলক করতে হতে পারে। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য OSHA নির্দেশনা মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই কর্মীদের প্রশিক্ষিত করতে হবে কীভাবে উপযুক্ত উপায়ে PPE পরা, খুলে রাখা, পরিষ্কার করা (প্রযোজ্য হলে), এবং ফেলে দেওয়া হয়, যার মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত উপযুক্ত মুখের আবরণ।

- দায়বদ্ধ পক্ষগণকে যন্ত্রপাতি, (যেমনঃ চেক আউট রেজিস্টার, টিকেট স্ক্যানার, টিকেট কিয়স্ক) ইত্যাদির মতো জিনিসগুলি শেয়ার করা এবং পাশাপাশি শেয়ার করা পৃষ্ঠতলের স্পর্শ সীমিত করতে ব্যবস্থা নিতে হবে; অথবা কর্মীরা যখন শেয়ার করা সামগ্রীর অথবা প্রায়ই স্পর্শ করা পৃষ্ঠতলের সংস্পর্শে আসবে তখন তাদের গ্লাভস (ব্যবসার অথবা চিকিৎসাগতভাবে উপযুক্ত) পরে থাকতে হবে; অথবা সংস্পর্শে আসার আগে এবং পরে কর্মীদের হাত জীবাণুমুক্ত করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই সব স্কি লিফটে চড়ার সময় পৃষ্ঠপোষকদের স্কি গ্লাভস পরতে উৎসাহিত করতে হবে।

C. স্বাস্থ্যবিধি, পরিচ্ছন্নতা, এবং জীবানুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই CDC এবং DOH এর সুপারিশকৃত স্বাস্থ্যবিধি এবং পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্তকরণ সংক্রান্ত বাধ্যবাধকতাগুলি মেনে চলতে হবে, যেমন সেগুলি প্রযোজ্য, যার মধ্যে আছে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19), এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার। দায়বদ্ধ পক্ষকে লগ বজায় রাখতে হবে যাতে তারিখ, সময় এবং পরিচ্ছন্নতার পরিধি অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই সাইটে হ্যান্ড হাইজিন স্টেশন প্রদান করতে এবং রক্ষণাবেক্ষণ করতে হবে, নিম্নরূপে:
  - হাত ধোয়ার জন্য: সাবান, চলমান উষ্ণ পানি, এবং নিষ্পত্তিযোগ্য কাগজের তোয়ালে।

- হাত স্যানিটাইজ করার জন্য: যেখানে হাত ধোয়ার সুবিধা পাওয়া যাবে না বা সম্ভব নাও হতে পারে সেইসব এলাকার জন্য একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার যাতে অন্তত 60% অ্যালকোহল থাকে।
- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই কর্মী এবং পৃষ্ঠপোষকদের ব্যবহারের জন্য স্কি সুবিধা জুড়ে হ্যান্ড স্যানিটাইজার উপলভ্য করতে হবে (উদাহরণস্বরূপ, প্রবেশদ্বার, প্রস্থান, স্কি ভাড়া কাউন্টারের কাছে, খাদ্য সেবা এলাকায়)। যেখানে সম্ভব স্পর্শবিহীন হ্যান্ড স্যানিটাইজার ডিসপেনসার রাখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে হ্যান্ড স্যানিটাইজারের জায়গাগুলির কাছে খুব বেশি নোংরা হাত সাবান এবং জল দিয়ে ধুতে হবে চিহ্নিত করে সাইনেজ দিতে হবে; হ্যান্ড স্যানিটাইজার খুব বেশি নোংরা হাতে কার্যকর হয় না।

- দায়বদ্ধ পক্ষগুলিকে PPE সহ ময়লা সামগ্রী নিষ্পত্তির পাত্র স্কি ফেসিলিটির চারপাশে স্থাপন করা উচিৎ।

- দায়বদ্ধ পক্ষগণকে স্কি ফেসিলিটিগুলিকে নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে এবং প্রায়শই স্পর্শ করা সারফেসগুলি আরও ঘনঘন পরিষ্কার এবং জীবানুমুক্ত করতে হবে (যেমন লিফট এবোঞ গন্ডোলা, যখন প্রযোজ্য)। পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ যথাযথ এবং চলমান হতে হবে এবং কার্যক্রম চলা অবস্থায় ঘন ঘন এবং প্রয়োজন অনুযায়ী হতে হবে। কীভাবে ফ্যাসিলিটিগুলি পরিষ্কার করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে ভাড়ার সরঞ্জাম (যেমন স্কি, স্কি বুট) নিয়মিত (উদাহরণস্বরূপ, প্রত্যেক পৃষ্ঠপোষকের ব্যবহারের মধ্যে) রেজিস্টার্ড জীবাণুনাশক ব্যবহার করে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা ব্যবহার করুন।
  - পরিষ্কার বা জীবাণুমুক্ত করার পণ্যগুলি অথবা পরিষ্কার বা জীবাণুনাশের প্রক্রিয়া নিরাপত্তার ঝুঁকি তৈরি করে অথবা উপকরণ বা যন্ত্রপাতির কর্মক্ষমতা কমিয়ে দিলে, দায়বদ্ধ পক্ষকে এমন যন্ত্রপাতি বন্ধ করতে হবে, সরবরাহের মাঝে হাত ধোয়ার জায়গায় ব্যবস্থা করতে হবে, নিষ্পত্তিযোগ্য গ্লাভসের ব্যবহার এবং/অথবা সেই ধরনের যন্ত্রপাতি ব্যবহারে কর্মী সংখ্যার সীমাবদ্ধতা আনতে হবে।
- দায়বদ্ধ পক্ষকে লকার রুম এবং বিশ্রামকক্ষ নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। লকার রুম এবং বিশ্রামাগার অন্তত দিনে দুই বার অথবা ব্যবহারের ঘনত্বের উপর নির্ভর করে আরও ঘন ঘন পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে।
  - যেখানে সম্ভব সেখানে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই চিহ্ন, ব্যবহৃত হচ্ছে এমন চিহ্ন এবং অন্যান্য পদ্ধতিতে বিশ্রামকক্ষের ধারণ ক্ষমতা হ্রাস করে দূরত্ব বিধিমালা পালন নিশ্চিত করতে হবে।
- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে শেয়ারকৃত ওয়ার্কস্টেশন (উদাহরণস্বরূপ, চেক-ইন ডেস্ক) পরিষ্কার করা এবং বিভিন্ন কর্মচারীদের ব্যবহারের মধ্যে জীবাণুমুক্ত করা হয়।
- দায়বদ্ধ পক্ষের উচিৎ কর্মী নিয়োজিত রাখা যাদের পৃষ্ঠপোষক এবং দর্শনার্থীদের কাছে দৃশ্যমান, লিফট, গন্ডোলা এবং অন্যান্য উচ্চ-স্পর্শ পৃষ্ঠ পরিষ্কার এবং সংক্রমণের জন্য নির্দিষ্ট করা হয়েছে।

- একজন ব্যক্তি COVID-19 এ আক্রান্ত হওয়ার ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই তাদের দ্বারা ব্যবহৃত এলাকা পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এবং সেই পরিষ্কার করা এবং জীবাণুমুক্তকরণে কমপক্ষে খুব বেশি যাতায়াত করা অঞ্চল এবং বেশি স্পর্শ করা সারফেসগুলিকে অন্তর্ভুক্ত হতে হবে।

- কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে "আপনার ফেসিলিটি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করা"র (Cleaning and Disinfecting Your Facility) উপর CDC এর নির্দেশিকা নিম্নরূপ:

- COVID-19 এ আক্রান্ত সন্দেহভাজন ব্যক্তি বা অসুস্থ ব্যক্তি দ্বারা ব্যবহৃত এলাকা বন্ধ করে দিন।
    - দায়বদ্ধ পক্ষকে তাদের কাজকর্ম বন্ধ করতে হবে না, যদি তারা ক্ষতিগ্রস্ত এলাকাগুলি বন্ধ করতে পারে।
- এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
- পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। যদি 24 ঘন্টা সম্ভব না হয়, তাহলে যতক্ষণ সম্ভব অপেক্ষা করুন।
- কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে, সেই ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি, যেমন বাথরুম, সকলের ব্যবহারের অঞ্চলগুলি এবং শেয়ার করা যন্ত্রপাতিগুলি পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।
- একবার অঞ্চলটি যথাযথভাবে পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হয়ে গেলে, সেটি ব্যবহারের জন্য আবার খুলে দেওয়া যেতে পারে।
    - COVID-19 আছে বলে সন্দেহ করা হয়েছে অথবা নিশ্চিত করা হয়েছে এমন ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা নিকট যোগাযোগ নেই এমন ব্যক্তিবর্গ পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের পর পরই এলাকায় ফিরে যেতে পারেন।
    - "ঘনিষ্ঠ বা নিকট" যোগাযোগ সম্পর্কে তথ্যের জন্য DOH এর "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
- যদি সাত দিনের বেশী সময় অতিবাহিত হয় COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তি স্কি ফেসিলিটি পরিদর্শন করার পর বা ব্যবহার করার পর, তাহলে স্থানটিকে অতিরিক্ত পরিষ্কার করার এবং জীবানুমুক্ত করার প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা অব্যাহত রাখা উচিত।

- শেয়ার করা বস্তু (উদাহরণস্বরূপ, পেমেন্ট ডিভাইস), এলাকা (উদাহরণস্বরূপ, বসার জায়গা, বিশ্রামাগার), এবং/অথবা পৃষ্ঠতলগুলির (উদাহরণস্বরূপ, দরজা, কাউন্টার) ব্যবহার সংক্রান্ত কার্যক্রমগুলির ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে সেইসব এলাকা এবং বস্তু যেন কমপক্ষে দিনে একবার করে পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হয়।

- দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীদের মধ্যে খাবার এবং পানীয় (যেমন, নিজে পরিবেশিত খাবার এবং পানীয়) ভাগ করে খাওয়া অবশ্যই নিষিদ্ধ করতে হবে, কর্মচারীদের বাড়ি থেকে খাবার নিয়ে আসতে উৎসাহিত করতে হবে, এবং খাবার খাওয়ার সময় সামাজিক দূরত্ব বজায় রাখার মতো পর্যাপ্ত জায়গা রিজার্ভ রাখতে হবে।

D. পর্যায়ক্রমিকভাবে পুনরায় শুরু করা

- দায়বদ্ধ পক্ষগণকে পর্যায়ক্রমিক-ভাবে কার্যকলাপগুলি রিওপেনিংয়ের জন্য উৎসাহিত করা হয় যাতে অপারেশনগত সমস্যাগুলি উৎপাদন বা কাজ সম্পর্কিত ক্রিয়াকলাপগুলি স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে সমাধান করে নেওয়া যায়। দায়বদ্ধ পক্ষকে প্রথমবার পুনরায় খোলার সময় পরিবর্তনের সঙ্গে মানিয়ে নিয়ে ক্রিয়াকলাপ উপলভ্য করে তোলার জন্য কর্মী সংখ্যা, কাজের সময় এবং সেবা প্রদান করা পৃষ্ঠপোষকদের সংখ্যা সীমিত করার কথা বিবেচনা করতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগুলোর উচিত সিজন পাস হোল্ডার এবং/অথবা স্থানীয় পৃষ্ঠপোষকদের জন্য প্রাথমিক প্রবেশাধিকারকে অগ্রাধিকার দেয়া, কারণ অপারেশনের শুরুর দিন এবং সপ্তাহের শুরুতে পরিদর্শন বৃদ্ধি পায়।
    - দায়বদ্ধ পক্ষগুলোর উচিত তাদের টিকেট বাতিল এবং অর্থ ফেরত নীতির যে কোন যথাযথ সংশোধনী বিবেচনা করা যাতে কোন অসুস্থ পৃষ্ঠপোষককে বাড়িতে থাকতে উৎসাহিত করতে পারে।

E. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে যে তারা স্টেটের জারি করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করতে হবে যে তারা সেগুলি কার্যকর করবেন।

- দায়বদ্ধ পক্ষকে কর্মচারী এবং পৃষ্ঠপোষকদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা গড়ে তুলতে হবে যা প্রযোজ্য নির্দেশাবলী, প্রশিক্ষণ, সাইনেজ এবং কর্মচারীদের তথ্য প্রদানের একটি অবিচলিত উপায়কে অন্তর্ভুক্ত করে। দায়বদ্ধ পক্ষ ওয়েবপেজ, টেক্সট এবং ইমেল গ্রুপ, এবং সোশ্যাল মিডিয়া গড়ে তোলার কথা বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষের উচিত সাইনেজ ও মৌখিক যোগাযোগের মাধ্যমে গ্রাহকদের PPE- বিশেষত মুখাবরণের ব্যাবহারের ক্ষেত্রে CDC এবং DOH এর নির্দেশিকা মেনে চলতে উৎসাহিত করা।

- দায়বদ্ধ পক্ষের উপযুক্ত স্বাস্থ্যবিধি, শারীরিক দূরত্ব বজায় রাখার নিয়ম, PPE এর উপযুক্ত ব্যবহার এবং পরিষ্করণ ও জীবাণুনাশের প্রোটোকলগুলি মেনে চলার কথা কর্মী এবং গ্রাহকদের মনে করিয়ে দিতে স্কি সুবিধার ভিতরে এবং বাইরে চিহ্ন লাগাতে হবে।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং টেস্টিং

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই কর্মীদের জন্য বাধ্যতামূলক দৈনিক স্বাস্থ্য স্ক্রিনিং অনুশীলন বাস্তবায়ন করতে হবে, এবং যেখানে অনুশীলনযোগ্য, ঠিকাদার এবং বিক্রেতা, কিন্তু এই ধরনের স্ক্রিনিং সাধারণ পৃষ্ঠপোষক বা ডেলিভারি কর্মীর জন্য বাধ্যতামূলক করা হবে না; যারা গ্রুপ বা প্রাইভেট প্রাপ্তবয়স্ক বা শিশু স্কি লেসনে বা দলগত কার্যকলাপে লিপ্ত হবে, তাদের স্কি সুবিধায় ঢোকার আগে এবং যে কোন নির্দেশনা বা স্কি কার্যকলাপের আগে এই ধরনের স্ক্রিনিং সম্পন্ন করতে হবে।
- ব্যক্তিবর্গ স্কি সুবিধায় প্রবেশ করার আগে, যতদূর সম্ভব, স্ক্রিনিংয়ের কাজগুলি দূরবর্তীভাবে করা যেতে পারে (যেমন টেলিফোনে বা ইলেকট্রনিকভাবে), বা সাইটে করা যেতে পারে।
- স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে একে অপরের সাথে ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে মেলামেশা করা থেকে কর্মীদের বিরত রাখার জন্য স্ক্রীনিং এর সমন্বয়সাধন করা উচিত।
- ন্যূনতমভাবে, একটি প্রশ্নপত্র ব্যবহার করে স্ক্রিনিং সম্পন্ন করতে হবে যা নির্ধারণ করে যে ব্যক্তি:
    - (a) জেনেশুনে গত 14 দিনের মধ্যে COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল এসেছে বা যার মধ্যে COVID-19 এর উপসর্গ রয়েছে এমন কারোর ঘনিষ্ঠ সংস্পর্শে থেকেছেন;
    - (b) গত 14 দিনের মধ্যে COVID-19 এর জন্য ডায়াগনস্টিক পরীক্ষার মাধ্যমে পজিটিভ পরীক্ষিত হয়েছেন; অথবা
    - (c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না। এবং/অথবা
    - (d) গত 14 দিনে 24 ঘন্টারও বেশি সময় ধরে COVID-19 এর উল্লেখযোগ্য কমিউনিটি সংক্রমণ আছে এমন স্টেট বা কাউন্টি ভ্রমণ করেছেন কি না।

- COVID-19 এর সাথে সংশ্লিষ্ট উপসর্গ সম্পর্কে সর্বাধিক হালনাগাদকৃত তথ্যের জন্য "করোনাভাইরাসের লক্ষণ" (Symptoms of Coronavirus) সম্পর্কে CDC নির্দেশিকা দেখুন।

- COVID-19 এবং কোয়ারান্টাইন প্রয়োজনীয়তা সহ স্টেট এবং কাউন্টিগুলির সর্বশেষ হালনাগাদ তথ্যের জন্য DOH ভ্রমণ নির্দেশিকা দেখুন।

- স্ক্রিনিংয়ের চর্চাগুলি অন্তর্ভুক্ত করে:

  - জায়গা এবং ভবনের গঠনপ্রণালী সুযোগ দিলে, COVID-19 এর সন্দেহজনক বা নিশ্চিত কেসের ক্ষেত্রে প্রভাবটিকে ন্যূনতম করতে বিল্ডিংয়ের প্রবেশদ্বারে বা তার নিকটে কর্মীদের স্ক্রিন করুন।

  - স্ক্রিনিং এবং/অথবা বিল্ডিংয়ে প্রবেশের জন্য লাইনে দাঁড়িয়ে থাকা কর্মীকে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখার সুযোগ দিন।

  - যেসব কর্মী দূরবর্তীভাবে স্ক্রিন হয়েছেন বা প্রবেশের সময় স্ক্রিন করেছেন শুধুমাত্র তাদেরই প্রবেশ করতে দিন।

  - যদি তাপমাত্রা পরীক্ষা করা হয়, তাহলে সম্ভাব্য উপসর্গযুক্ত কর্মীদের শনাক্ত করতে বিল্ডিংয়ের প্রবেশদ্বারে স্পর্শহীন থার্মাল ক্যামেরা ব্যবহার করুন এবং একটি পরবর্তী স্ক্রিনিং সম্পূর্ণ করতে তাদেরকে মাধ্যমিক স্ক্রিনিং অঞ্চলে প্রেরণ করুন। যদি সম্ভব না হয় বা সহজসাধ্য না হয়, তাহলে যোগাযোগবিহীন থার্মোমিটার ব্যবহার করে তাপমাত্রা পরীক্ষা করা যেতে পারে।

- দায়বদ্ধ পক্ষের উচিৎ কর্মীদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তার পরে।

- সম কর্মসংস্থানের সুযোগ কমিশন (Equal Employment Opportunity Commission) বা DOH এর নির্দেশিকা অনুযায়ী তাপমাত্রা পরীক্ষা করাও হতে পারে। দায়বদ্ধ পক্ষ কর্তৃক কর্মীদের স্বাস্থ্য তথ্যের রেকর্ড রাখা নিষিদ্ধ (উদাহরণস্বরূপ, একজন ব্যক্তির নির্দিষ্ট তাপমাত্রার তথ্য), কিন্তু এমন রেকর্ড বজায় রাখার অনুমতি দেওয়া হয় যা নিশ্চিত করে যে ব্যক্তিকে স্ক্রিন করা হয়েছে এবং এই ধরনের স্ক্রিনিং এর ফলাফল (উদাহরণস্বরূপ, পাস/ফেল, ক্লিয়ার/ক্লিয়ার করা হয়নি)।

- দায়বদ্ধ পক্ষদের নিশ্চিত করতে হবে যে তাপমাত্রার পরীক্ষা সহ কোনো কর্মী স্ক্রিনিং করলে, তিনি স্কি সুবিধায় সম্ভাব্য সংক্রামক কর্মীদের সংস্পর্শে আসার থেকে আনুমানিকভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত, নিয়োগকর্তার দ্বারা সনাক্ত করা ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি স্বীকৃত ফেস কভারিং সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- COVID-19 পজিটিভ হওয়া কোন কর্মীকে প্রতিষ্ঠানে প্রবেশ করার অনুমতি দেওয়া উচিত নয় এবং যে কর্মীরা পরীক্ষায় পজিটিভ ফল লাভ করেছেন তাদের অবশ্যই স্বাস্থ্যসেবা প্রদানকারির সাথে যোগাযোগের নির্দেশনাবলী দিয়ে বাড়িতে পাঠিয়ে দেওয়া উচিত।

  - দায়বদ্ধ পক্ষকে কর্মচারীটিকে দূরবর্তীভাবে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্য প্রদান করতে হবে।

  - দায়বদ্ধ পক্ষগুলিকে COVID-19 পরীক্ষণে কোনো ইতিবাচক ফলাফল সম্পর্কে অবিলম্বে রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে জানাতে হবে।

- দায়বদ্ধ পক্ষের COVID-19 এর সন্দেহভাজন বা নিশ্চিত কেস বা COVID-19 এ আক্রান্ত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগের পর কাজে ফিরে আসতে চাওয়া কর্মচারীদের সংক্রান্ত প্রোটোকল বা পলিসি জানার জন্য "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখা উচিত।

- দায়বদ্ধ পক্ষের উচিত যোগাযোগের একটি কেন্দ্রীয় ব্যক্তি নির্ধারণ করা, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন দ্বারা পরিবর্তিত হতে পারে, যে সকল প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, এই ধরনের যোগাযোগের ব্যক্তিকে সবার জন্য নির্দিষ্ট পার্টি হিসেবে চিহ্নিত করা হয়েছে যাকে তারা পরে COVID-19 সম্পর্কিত উপসর্গ অনুভব করছে কি না তা জানাবে।
  - স্কি সুবিধার জন্য চিহ্নিত যোগাযোগের ব্যক্তিকে শনাক্ত কেসের ব্যক্তিদের কাছ থেকে বিজ্ঞপ্তি পেতে এবং সংশ্লিষ্ট পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ প্রক্রিয়া শুরু করার জন্য প্রস্তুত থাকতে হবে।

- দায়বদ্ধ পক্ষদের একজন সাইটের সুরক্ষার পর্যবেক্ষক নিয়োগ করতে হবে যার দায়িত্বগুলির মধ্যে স্থানটির নিরাপত্তা পরিকল্পনার সমস্ত দিক অব্যাহতভাবে মেনে চলা হচ্ছে কিনা তা অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই যথাযথ PPE পরিধান করে বা স্পর্শহীন উপায়ে সম্পন্ন করা ডেলিভারিগুলি ছাড়া, কর্মী ও পৃষ্ঠপোষক, এবং যেখানে সম্ভব ঠিকাদার এবং বিক্রেতা সহ প্রত্যেক ব্যক্তির, যাদের কাজের সাইটে বা অঞ্চলে অন্যান্য ব্যক্তিদের সাথে নিকট বা ঘনিষ্ঠ সংযোগ হতে পারে তাদের জন্য সব সময় একটি অব্যাহত সাইন ইন লগ (অর্থাৎ, সাইন ইনের তথ্য) বজায় রাখতে হবে।
  - লগটিতে অবশ্যই প্রত্যেক ব্যক্তির পূর্ণ নাম, ঠিকানা এবং ফোন নম্বর সহ যোগাযোগ তথ্য ধারণ করতে হবে, যাতে একটি ইতিবাচক COVID-19 কেসের ক্ষেত্রে সকল যোগাযোগ চিহ্নিত, খুঁজে বের করা এবং অবহিত করা যেতে পারে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সংস্পর্শ খুঁজে বের করার উদ্যোগগুলির সাথে সহযোগিতা করতে হবে।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- স্কি সুবিধায় কোন ব্যক্তি, কর্মী, পৃষ্ঠপোষক, ঠিকাদার এবং ভেন্ডর সহ, যে কোনও ব্যক্তির COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে, দায়বদ্ধ পক্ষগণকে, অবশ্যই অবিলম্বে রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সেই সম্পর্কে জানাতে হবে।

- টেস্টিংয়ে একজন ব্যক্তি পজিটিভ হলে, দায়বদ্ধ পক্ষকে স্কি সুবিধায়ঐ ব্যক্তির সংস্পর্শে আসা সকলকে চিহ্নিত করার জন্য স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সাথে সহযোগিতা করতে হবে এবং ব্যক্তি প্রথম COVID-19 এর উপসর্গ বোধ করার বা পজিটিভ টেস্ট হওয়ার, এর মধ্যে যেটি আগে হয়েছে, তার 48 ঘন্টা আগে স্কি সুবিধায় প্রবেশ করা সকল ব্যক্তিদের সম্পর্কে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে অবগত করতে হবে। ফেডারেল এবং স্টেটের আইন ও বিধান অনুযায়ী অবশ্যই গোপনীয়তা বজায় রাখতে হবে।
  - স্কি ফেসিলিটিতে থাকাকালীন কোনও ব্যক্তির উপসর্গ দেখা দেওয়ার ক্ষেত্রে, দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই পার্শ্ববর্তী এলাকার ব্যক্তিদের অথবা যারা অবিলম্বে আক্রান্ত হয়ে থাকতে পারেন তাদের সেই ব্যক্তি বিল্ডিং জুড়ে কোথায় কোথায় ছিলেন সে সম্পর্কে তথ্য সহ অবহিত করতে হবে, এবং যদি উপসর্গ সহিত ব্যক্তি ইতিবাচক পরীক্ষা করে থাকেন সে বিষয়েও তাদের অবহিত করতে হবে।

- রাজ্য এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি, তাদের আইনি কর্তৃত্বের অধীনে, সংক্রমন সহ বা সংক্রমণের সংস্পর্শে আসা ব্যক্তিদের পর্যবেক্ষন এবং যাতায়াতের উপর সীমাবদ্ধতা বাস্তবায়ন করতে পারে, যার মধ্যে বাড়িতে আইসোলেশান বা কোয়ারান্টাইন অন্তর্ভুক্ত।

- যে সমস্ত কর্মচারীদের সতর্ক করে দেওয়া হয়েছে যে তারা একজন COVID-19 সংক্রমিত ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে এসেছেন, এবং চিহ্নিতকরণ, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতিগুলির মাধ্যমে সতর্ক করে দেওয়া কর্মচারীদের, সতর্ক করে দেওয়ার সময় তা নিজে থেকে তাদের নিয়োগকারীকে রিপোর্ট করতে হবে এবং তারা উপরে উল্লিখিত সমস্ত প্রোটোকল মেনে চলবেন।

IV. নিয়োগকারীর পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষগুলিকে সহজেই চোখে পরে এমন স্থানে অবশ্যই কর্মীদের জন্য সাইটে সম্পূর্ণ করা নিরাপত্তার পরিকল্পনা পোস্ট করতে হবে। COVID-19 বিস্তার থেকে রক্ষা করতে ব্যবসার মালিক এবং পরিচালকদের উন্নত পরিকল্পনা উন্নয়নে গাইড করার জন্য রাজ্য একটি ব্যবসা পুনরায় খোলার নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

অতিরিক্ত নিরাপত্তা তথ্য, নির্দেশিকা এবং সম্পদ পাওয়া যাবে এখানে:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19) ওয়েবসাইট
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কটিতে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করার জন্য আপনার দায়বদ্ধতা পড়েছেন এবং বুঝেছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation